গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

## মাননীয় প্রধানমন্ত্রীর জন্য
## সার-সংক্ষেপ

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.০৯০.২২.০৭৭.১১(অংশ-১).২৮৬ তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪২৯ / ২০ নভেম্বর ২০২২

**বিষয়: জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ১টি কার, ২টি জীপ, ২টি মাইক্রোবাস এবং ৬৫টি মোটরসাইকেল টিওএন্ডইতে অন্তর্ভুক্তির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ভূতাপেক্ষ সানুগ্রহ অনুমোদন**

১২। ভোক্তা-অধিকার সংরক্ষণ ও ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধের উদ্দেশ্যে ৬ এপ্রিল ২০০৯ সালে 'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' মহান জাতীয় সংসদে পাশ হয় এবং এ আইন বাস্তবায়নের জন্য ২৪ জুন ২০০৯ তারিখে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর প্রতিষ্ঠা করা হয়। জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জন্য বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ২৩ ডিসেম্বর ২০১০ সালে ২৩৩টি পদের সরকারি মঞ্জুরীর আদেশ জারি করা হলেও তৎকালে ভুলক্রমে ১টি কার, ২টি জীপ, ২টি মাইক্রোবাস এবং ৬৫টি মোটরসাইকেল এর জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনপূর্বক সরকারি মঞ্জুরীর আদেশ জারি করা হয়নি।

১৩। ~~২।~~ উল্লেখ্য, অধিদপ্তরের জন্য ২০১০ সালে জনপ্রশাসন মন্ত্রণালয় ২৩৮টি পদ সৃষ্টির বিষয়ে সম্মতি প্রদান করে (সংলাগ-১)। পরবর্তীতে ২৩৮ টি পদের মধ্য থেকে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ থেকে বিভিন্ন গ্রেডের ২৩৩টি পদ সৃজনে সম্মতি দেয়া হয় **(সংলাগ- ২),** অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ থেকে বিভিন্ন গ্রেডের ২৩৩টি পদের বেতন নির্ধারণের সম্মতি দেয়া হয় **(সংলাগ- ৩)** এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি ২৩৩টি পদ ও যানবাহনে সম্মতি প্রদান করে **(সংলাগ- ৪)।**

১৪। ~~৩।~~ উপরের বর্ণিত পদ, যানবাহন ও অফিস সরঞ্জামাদিসমূহ প্রদর্শন করে সাংগঠনিক কাঠামো/অর্গানোগ্রাম অনুমোদন করা হয়েছে **(সংলাগ- ৫)।** অপরদিকে বাণিজ্য মন্ত্রণালয়ের ৩০ জুন ২০২১ তারিখের ২৬.০০.০০০০.০৯০.১১.০২১.১৫ (অংশ-৩)-১৪৬ সংখ্যক পত্রের মাধ্যমে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জন্য ১৪৮টি পদ সৃজনের মঞ্জুরি জ্ঞাপন করা হয়েছে **(সংলাগ- ৬)।** সে প্রেক্ষিতে অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে ২০১০ সালের সুপারিশকৃত যানবাহন টিওএন্ডইতে অন্তর্ভুক্তির জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ভূতাপেক্ষ সানুগ্রহ অনুমোদন গ্রহণপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সরকারি আদেশ জারির অনুরোধ করা হয়েছে (সংলাগ-৭)। উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৯ মে ২০১০ তারিখের ০৫.১৬০.০২৮.০২.১৬.০০৪.২০১০-৮৯ নম্বর স্মারক এর শর্ত (৩) অনুযায়ী 'প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে' মর্মে উল্লেখ থাকায় এ ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন প্রয়োজন।

১৫/৪১ বর্ণিত অবস্থায়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণের নিমিত্ত ২০১০ সালে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক অধিদপ্তরের জন্য সুপারিশকৃত ১টি কার, ২টি জীপ, ২টি মাইক্রোবাস এবং ৬৫টি মোটরসাইকেল টিওএন্ডইতে অন্তর্ভুক্তিতে মাননীয় প্রধানমন্ত্রীর ভূতাপেক্ষ সানুগ্রহ অনুমোদন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(তপন কান্তি ঘোষ)
সিনিয়র সচিব

মাননীয় বাণিজ্যমন্ত্রী

মাননীয় প্রধানমন্ত্রী

DS(প্রশা-5)